

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



বিআরপিডি সার্কুলার লেটার নং- ৩৬

১২ জুলাই ২০২১

তারিখঃ -----

২৮ আষাঢ় ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সরকার প্রদত্ত আর্থিক প্রণোদনা
প্যাকেজের আওতায় বেজা/বেপজা/হাই-টেক পার্ক এর বাইরে অবস্থিত শিল্প প্রতিষ্ঠানসমূহ অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ০১ অক্টোবর ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে নভেল করোনা ভাইরাস (COVID-19) এর কারণে রপ্তানি বাণিজ্যে জড়িত প্রতিষ্ঠানসমূহসহ সামগ্রিকভাবে দেশে কার্যরত সকল শিল্প প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হওয়ার প্রেক্ষিতে দেশীয় মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহের পাশাপাশি বিদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহের আর্থিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানসমূহের উৎপাদন ও কর্মসংস্থান অব্যাহত রাখার লক্ষ্যে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়নধীন আর্থিক প্রণোদনা প্যাকেজের সুবিধাসমূহ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (বেপজা) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ-তে অবস্থিত 'এ', 'বি' ও 'সি' টাইপ শিল্প প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত সকল শিল্প প্রতিষ্ঠানকে প্রণোদনা প্যাকেজের আওতায় আনয়নের লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহের আওতায় বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়নধীন আর্থিক প্রণোদনা প্যাকেজের সুবিধাসমূহ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (বেপজা) এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ-তে অবস্থিত শিল্প প্রতিষ্ঠানের পাশাপাশি উক্ত অঞ্চলসমূহের বাইরে অবস্থিত শতভাগ বিদেশী মালিকানাধীন/যৌথ মালিকানাধীন (দেশী ও বিদেশী) প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

০৪। এতদ্ব্যতীত উক্ত সার্কুলারের অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২